[illegible]

তারিখ 10 MAY 2015
পৃষ্ঠা ২ কলাম ৫

প্রধান শিক্ষকের কাণ্ড

# মতলবে ১২ শিক্ষার্থীকে ক্লাসে যেতে নিষেধ

■ মতলব (চাঁদপুর) প্রতিনিধি

চুরি করে আম খাওয়ার অভিযোগে মতলব দক্ষিণ উপজেলার আধারা উচ্চ বিদ্যালয়ের ১২ শিক্ষার্থীকে ২০ দিন ধরে ক্লাসে ঢুকতে দিচ্ছেন না প্রধান শিক্ষক।

কান্নাচোয়া গ্রামের হারুন শিকারী, আধারারি আ. কাদির, পাঁচদোনার মজিবুর রহমানসহ অভিভাবকরা জানান, ক্লাস করতে না দেওয়ায় এসব শিক্ষার্থী মানসিকভাবে ভেঙে পড়েছে।

ওই শিক্ষার্থীরা হলো- দশম শ্রেণীর হেলাল, আবদুল কাইউম, মো. সাগর, মেহেদী হাসান, সাহাবুদ্দিন, জিসান, রজন, নোমান, সাজ্জাদ, নবম শ্রেণীর সাহাবুদ্দিন ও ষষ্ঠ শ্রেণীর উজ্জ্বল। এদের মধ্যে হেলাল গত ২৫ এপ্রিল ক্লাস করতে গেলে তাকে ফের বের করে দেওয়া হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক এএসএম রাজ্জাক বলেন, ছাত্ররা অন্যায় করলে শাসন করতে হয়।